বৃহস্পতিবার
চট্টগ্রাম
১৬ জুলাই ২০২৬
১ শ্রাবণ ১৪৩৩
৩০ মহরম ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-১৯৯
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা
টানা ৪ বার সুপারল্যাক্ট স্বীকৃতি বসুন্ধরা পেপার A4 80

আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন প্রিমিয়ার ইউনিভার্সিটি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) আয়োজিত জাতীয় আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)। ১০ ও ১১ জুলাই অনুষ্ঠিত দুই দিনব্যাপী এ প্রতিযোগিতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মোট ২৬টি দল অংশগ্রহণ করে। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ফাইনালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে পরাজিত করে শিরোপা জিতে নেয় প্রিমিয়ার ইউনিভার্সিটির বিতার্কিকরা।

চ্যাম্পিয়ন দলের সদস্য ছিলেন তন্ময় তাহসিন, সিফাত নুর চৌধুরী এবং মোবারক হোসেন সজিব। তাদের অসাধারণ যুক্তি, বিশ্লেষণধর্মী উপস্থাপনা ও দলগত সমন্বয়ের মাধ্যমে এই সাফল্য অর্জিত হয়।

১৪ জুলাই বিকেল ৪টায় বিজয়ী দলটি প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় উপস্থিত ছিলেন পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভীন, মডারেটর সাইফুদ্দীন মুন্না, মডারেটর ফারিয়া হোসেন বর্ষা এবং পিইউডিএস-এর সভাপতি ফজল আল মাহমুদ।

সাক্ষাৎকালে উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বিজয়ী দলের সদস্যদের আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, জাতীয় পর্যায়ে এই অর্জন শুধু বিতর্ক দলের নয়, এটি পুরো প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিবারের। বিতর্কচর্চা শিক্ষার্থীদের যুক্তিবোধ, নেতৃত্ব, সহনশীলতা এবং সমালোচনামূলক চিন্তার বিকাশ ঘটায়। আমি আশা করি, ভবিষ্যতেও আমাদের শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে বিশ্ববিদ্যালয়ের সুনাম আরও উজ্জ্বল করবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন সবসময় শিক্ষার্থীদের সহশিক্ষা কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভীন বলেন, এই অর্জনের পেছনে দীর্ঘদিনের ধারাবাহিক অনুশীলন, অধ্যবসায় এবং দলগত প্রচেষ্টা কাজ করেছে। আমাদের বিতার্কিকরা শুধু প্রতিযোগিতায় অংশগ্রহণ করেনি, বরং যুক্তি, মূল্যবোধ ও নেতৃত্বের উৎকৃষ্ট দৃষ্টান্ত স্থাপন করেছে। আমরা বিশ্বাস করি, এই সাফল্য আগামী দিনে আরও অনেক শিক্ষার্থীকে বিতর্কচর্চায় উৎসাহিত করবে এবং জাতীয় পর্যায়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির অবস্থানকে আরও সুদৃঢ় করবে।

এ সময় বিজয়ী বিতার্কিকরা তাদের অর্জনের অভিজ্ঞতা তুলে ধরেন এবং ভবিষ্যতেও বিশ্ববিদ্যালয়ের জন্য আরও সাফল্য বয়ে আনার প্রত্যয় ব্যক্ত করেন।

উল্লেখ্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) দীর্ঘদিন ধরে জাতীয় পর্যায়ের বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতায় নিয়মিত সাফল্য অর্জন করে আসছে। সর্বশেষ চুয়েট আয়োজিত জাতীয় আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার মাধ্যমে সংগঠনটি বিশ্ববিদ্যালয়ের গৌরবময় অর্জনের ধারায় আরও একটি নতুন অধ্যায় যুক্ত করল। বিজ্ঞপ্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটির বিতার্কিকরা উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদিরের সঙ্গে জাতীয় আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়নরা

Ref: Daily Purbodesh, Date: 16 July 2026, Page: 3, Col: 7
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-07-16